

যুগান্তর

## ছাত্রছাত্রীদের মধ্যে নৈতিক ও সামাজিক মূল্যবোধ সঞ্চার করতে হবে

রাষ্ট্রপতি

বাসস

রাষ্ট্রপতি অধ্যাপক এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী ছাত্রছাত্রীদের মনে নৈতিক ও সামাজিক মূল্যবোধ সঞ্চার ও দৃঢ়তাপূর্ণ আচরণ ও দুর্নীতির বিরুদ্ধে ঘৃণা সৃষ্টি এবং সত্য, ন্যায়, দেশপ্রেম ও শ্রমের মর্যাদার প্রতি ভালবাসার জন্ম দেয় এমন শিক্ষার ওপর গুরুত্বারোপ করেছেন। গতকাল বসুন্ধরায় ইডিপেনডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশের (আইইউবি) ভিত্তিপ্রস্তর স্থাপনকালে রাষ্ট্রপতি আরও বলেন, বিশ্ববিদ্যালয়গুলোতে এমন যোগ্য নাগরিক গড়ে তুলতে হবে যারা সততা, দক্ষতা ও জ্ঞান নিয়ে আধুনিক বিশ্বের রাষ্ট্রপতি : পৃষ্ঠা : ১৩ কলাম : ৬

### রাষ্ট্রপতি : মূল্যবোধ

(৩য় পৃষ্ঠার পর)

পেশাজীবীদের প্রতিযোগিতা মোকাবেলা এবং গৌরবের সঙ্গে নৈতিক মূল্যবোধ ও সাংস্কৃতিক ঐতিহ্য সমুন্নত রাখতে পারবে। অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক, উপাচার্য অধ্যাপক বজলুল এম চৌধুরী এবং শিক্ষা, বিজ্ঞান, প্রযুক্তি ও সংস্কৃতি উন্নয়ন ট্রাস্টের চেয়ারম্যান এ কে এম রফিকুল ইসলামও বক্তৃতা করেন।

রাষ্ট্রপতি বলেন, দারিদ্র্য বিমোচন ও জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে আমাদের উন্নত প্রযুক্তির সাহায্য নেয়া প্রয়োজন। একই সময়ে আমাদের প্রয়োজন হচ্ছে সামাজিক নিয়ম-শৃঙ্খলা, নৈতিক মূল্যবোধ এবং আমাদের ঐতিহ্য ও সংস্কৃতির জন্য ভালবাসা বজায় রাখা। তিনি বলেন, সারা বিশ্বেই সমাজ এখন বিজ্ঞান, প্রযুক্তি ও পেশাদারিত্বের জটিল ও আধুনিক প্রয়োগের ওপর ক্রমশ আরও বেশি করে নির্ভরশীল হয়ে পড়ছে।